

তিনটি অণু কবিতা

১। দু'টি রাজনৈতিক শব্দ

সম্প্রীতি এবং জনসেবা শব্দ দু'টির চারধারে
নানা রঙের ঝান্ডাগুলি ব্যারিকেড গড়ে তে
লে
সাদাপাতায় শব্দ দুটিকে লেখার চেষ্টা
করলে
'লাশ কাটা ঘরে' রাত কাটাতে পারো!

২। কবিতা যখন হাভাতে খোকা

ছন্নছাড়া কবিদের ফাইলে উইপোকা লাগে
না
তাদের কবিতাগুলি হাভাতে খোকান মতো
ঘুরে বেড়ায়
এবং অক্ষয়ময়কে হাত ধরে রাস্তা পার করে
দেয়।

৩। কলমের নলই চেতনার উৎস

কলমের আকৃতি অনেকটাই
পাইপগানের মতো
সুতরাং, তুমিও যুদ্ধে যেতে পারে;
গণতান্ত্রিক দেশ - ইচ্ছেটা তোম
ার নিজস্ব।

দুর্গাদাস চট্টোপাধ্যায়

